# ALL INDIA RADIO
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin
**Date: 07.10.2023 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ কামদুনি ধর্ষণ এবং হত্যাকান্ডে দোষীদের ফাঁসির সাজা মকুবের রায়ের বিরুদ্ধে, রাজ্য সরকার সুপ্রিম কোর্টে যাওয়ার কথা জানিয়েছে। # গতকাল ওই মামলার রায় ঘোষণার পরই কামদুনি সহ রাজ্যের সর্বত্রই ক্ষোভের ছবি। # অভিযুক্তদের ছাড়া পাওয়ার জন্য পুলিশ প্রশাসনকেই দায়ী করেছে নির্যাতিতার পরিবার।
২/ রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে অস্থায়ী উপাচার্য নিয়োগের বিষয়ে রাজ্যপালের সিদ্ধান্ত সুপ্রিম কোর্টে খারিজ হয়ে গেছে।

৩/ সিকিমের হড়পা বানে ভেসে যাওয়া দু'টি দেহ, বাংলাদেশ সীমান্ত রক্ষী বাহিনী গতরাতে BSF-এর হাতে তুলে দেয়।

৪/ মেট্রো রেল, অন্যান্য বছরের মতো এবছরও দুর্গাপুজোর দিনগুলিতে নর্থ-সাউথে সারারাত মেট্রো চালাবে।

৫/ আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপারজায়ান্ট চেন্নাইয়িন এফ সির মুখোমুখি হবে।

*************************************************************************

কামদুনি ধর্ষণ এবং হত্যাকান্ডে দোষীদের ফাঁসির সাজা মকুবের রায়ের বিরুদ্ধে, রাজ্য সরকার সুপ্রিম কোর্টে যাওয়ার কথা জানিয়েছে। নির্যাতিতার পরিবারের সঙ্গে এ'ব্যাপারে কথা বলে, সিদ্ধান্ত নেওয়া হবে বলে, CID জানায়।

গতকাল দীর্ঘ এক দশক পর এই রায় ঘোষণা হওয়ার পরই, কামদুনি সহ রাজ্যের সর্বত্রই মানুষ ক্ষোভে ফেটে পড়েন। নির্যাতিতার পরিবার এবং কামদুনি আন্দোলনের প্রতিবাদীরা অভিযুক্তদের ছাড়া পাওয়ার জন্য পুলিশ প্রশাসনকেই দায়ী করেছে। তদন্ত চলাকালীন বার বার সরকারি আইনজীবি বদলের বিষয়টি নিয়েও, প্রশ্ন উঠতে শুরু করেছে।

উল্লেখ্য, ২০১৩ সালের ৭'ই জুন কলেজ থেকে ফেরার পথে এক ছাত্রীকে উত্তর ২৪ পরগণার কামদুনিতে ধর্ষণ করে, নৃশংসভাবে খুন করা হয়। ২০১২-এ নির্ভয়া কান্ডর পরই, রাজ্যে ভয়াবহ ধর্ষণ ও খুনের ঘটনায় তোলপাড় শুরু হয় রাজ্য রাজনীতিতে।
প্রতিবাদ মিছিল ও আন্দোলনে মুখর হন সাধারণ মানুষ'ও। প্রয়াত কবি শঙ্খ ঘোষের নেতৃত্বে নাগরিক সমাজ পথে নামে। নির্যাতিতার পরিবার, দ্বারস্থ হয় রাইসিনা হিল্‌সে রাষ্ট্রপতির'ও। ওই গ্রামের'ই টুম্পা এবং মৌসুমী কয়াল, হয়ে ওঠেন কামদুনি আন্দোলনের অন্যতম প্রতিবাদী মুখ। এই ১০ বছরে, বিভিন্ন সময়ে তাঁদের নানা ধরণের আক্রমণের মুখে'ও পড়তে হলেও, তাঁরা আন্দোলন চালিয়ে গেছেন।

CID, ঘটনার তদন্তভার হাতে নেওয়ার পর থেকে বার বারই পরিবারের পক্ষ থেকে তদন্তে গাফিলতির অভিযোগ উঠছিল।

২০১৬ সালে বাকি ৬ অভিযুক্তকে দোষী সাব্যস্ত করে নিম্ন আদালত। তাদের মধ্যে সইফুল, আনসার ও আমিনের ফাঁসির সাজা হয়। অন্য তিনজনকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দেয় আদালত। প্রমাণের অভাবে মুক্তি দেওয়া হয়েছিল অপর দুই অভিযুক্ত রফিক গাজি এবং নুর আলিকে।

নিম্ন আদালতের নির্দেশের বিরুদ্ধে হাইকোর্টে মামলা করেন সাজাপ্রাপ্তরা। গতকাল বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি অজয়কুমার গুপ্তের ডিভিশন বেঞ্চ নিম্ন আদালতে ফাঁসির সাজাপ্রাপ্ত সইফুল আলি এবং আনসার আলির ফাঁসির সাজা মকুব করে আমৃত্যু কারাদণ্ডের নির্দেশ দেন। ফাঁসির সাজাপ্রাপ্ত আরও এক অভিযুক্ত আমিন আলিকে বেকসুর খালাসের পাশাপাশি নিম্ন আদালত ইমানুল ইসলাম, আমিনুল ইসলাম এবং

ভোলানাথ নস্করকে যে আমৃত্যু কারাদণ্ডের নির্দেশ দিয়েছিল, তাও মকুব হয়ে যায়। ইতিমধ্যেই ১০ বছর জেল খাটার কারণে বেঞ্চ গতকাল ওই তিনজনকে'ও মুক্তি দেয়।

এদিকে, রায় ঘোষণার পরই কান্নায় ভেঙে পড়েন কামদুনি আন্দোলনের অন্যতম প্রতিবাদী টুম্পা এবং মৌসুমী কয়াল। দোষীদের শাস্তির দাবিতে আন্দোলনকারীরা হাইকোর্টের নির্দেশের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে যাওয়ার কথা ঘোষণা করেছেন মৌসুমী।

(বাইট-মৌসুমী)

আইনজীবী জয়ন্ত নারায়ণ চট্টোপাধ্যায় জানিয়েছেন-

(বাইট-জয়ন্ত)

এদিকে, বিজেপি এই রায়কে বিচারের নামে প্রহসন বলে দাবি করেছে। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, দুর্ভাগ্যবশত এই অভিযুক্তরা শাসকদলের ঘনিষ্ঠ হওয়ার কারণে রাজ্য পুলিশ তাদের বিরুদ্ধে কোন তথ্য প্রমাণ পেশ করেনি।

সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, তদন্তকারী সংস্থার ব্যর্থতাতেই কামদুনি কান্ডের দোষীরা ছাড়া পেয়েছে।

********************

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে অস্থায়ী উপাচার্য নিয়োগের বিষয়ে রাজ্যপালের সিদ্ধান্ত গতকাল সুপ্রিম কোর্টে খারিজ হয়ে গেছে। বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি দীপঙ্কর দত্তের বেঞ্চ জানিয়েছেন, আগামীদিনে রাজ্যপাল আর কোনও অন্তর্বর্তী উপাচার্য নিয়োগ করতে পারবেন না। যারা ইতোমধ্যেই রাজ্যপালের সিদ্ধান্তে দায়িত্ব গ্রহণ করেছিলেন, তাঁরাও কোন সুযোগ-সুবিধা পাবেন না। বিশ্ববিদ্যালয়ের কোনও গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়ারও তাদের অধিকার থাকবেনা। পাশাপাশি, সার্চ কমিটিতে মুখ্যমন্ত্রীর প্রতিনিধি রাখা নিয়ে রাজ্যের আবেদনেও এখনই সাড়া দেয়নি সুপ্রিম কোর্ট।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়গুলিতে অস্থায়ী উপাচার্য নিয়োগ নিয়ে আচার্য সিভি আনন্দ বোসের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে গিয়েছিল রাজ্য। নিয়োগ নিয়ে রাজ্যের যা

যা আপত্তি রয়েছে, পরের শুনানিতে আদালতে তা জানাতে হবে বলে শীর্ষ আদালত জানিয়েছে।

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু সুপ্রিম কোর্টের নির্দেশকে স্বাগত জানিয়ে বলেন, এর ফলে রাজ্যপাল আচার্য পদে থাকার নৈতিক অধিকার হারালেন। তাঁর নিযুক্ত অস্থায়ী উপাচার্যদের অবিলম্বে পদত্যাগের আবেদন জানান তিনি।

অন্যদিকে, বিজেপি মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, শীর্ষ আদালতের এই নির্দেশ প্রত্যাশিতই ছিল। বিশ্ববিদ্যালয়ে দখলদারির যে চেষ্টা তৃণমূল কংগ্রেস করেছিল, উপাচার্য নিয়োগে সুপ্রিম কোর্টের ‘সার্চ কমিটি’ গঠনেরর নির্দেশ তা’ ব্যার্থ করে দিয়েছে।

********************

কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যান দীপক করকে গতকাল রাত সাড়ে আটটার মধ্যে হাজিরা দেওয়ার যে নির্দেশ বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় দিয়েছিলেন, তা খারিজ করে দিয়েছে ডিভিশন বেঞ্চ। বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চ ওই নির্দেশ খারিজ করে জানায়, মামলাটি চলছিল বিচারপতি কৌশিক চন্দের বেঞ্চে। অস্থায়ী বেঞ্চ হিসাবে ওই মামলাটি শুনানির জন্য বিচারপতি গঙ্গেপাধ্যায়ের বেঞ্চে পাঠানো হয়েছিল। তাই এ’ব্যাপারে বিচারপতি চন্দ যে নির্দেশ দিয়েছিলেন তা-ই বহাল থাকবে।

উল্লেখ্য, কলেজে নিয়োগে অস্বচ্ছতা সংক্রান্ত একটি মামলায় শুনানিতে, নিয়োগের বিতর্কিত প্যানেল নিয়ে আসার নির্দিষ্ট সময় পেরিয়ে যাওয়ায় বিচারপতি গঙ্গোপাধ্যায় কমিশনের চেয়ারম্যান দীপক করকে আদালতে পেশ করানোর নির্দেশ দেন বিধাননগর পুলিশ কমিশনারকে।

********************

কেন্দ্রের কাছে রাজ্যের পাওনার দাবি নিয়ে তৃণমূল কংগ্রেসকে আলোচনায় ডেকেছেন, রাজ্যপাল সি ভি আনন্দ বোস। বন্যা পরিস্থিতি পরিদর্শনে আজ তিনি উত্তরবঙ্গেই থাকবেন।

রাজ্যপালের সঙ্গে দেখা করতে তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল তাই আজ দার্জিলিং যাচ্ছে। ওই প্রতিনিধি দলে থাকবেন, লোকসভায় দলের নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায়, রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার এবং সাংসদ মহুয়া মৈত্র। গতকাল রাজভবনের সামনে তৃণমূল কংগ্রেসের ধর্না মঞ্চ থেকে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, দার্জিলিং-এ প্রতিনিধি দল পাঠানো হলেও, মূল আলোচনা রাজভবনেই করতে হবে। যতক্ষণ পর্যন্ত না তা’ হচ্ছে, ততক্ষণ ধর্না চলবে।

অন্যদিকে, বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, অভিষেকের পরিবারের সকলেই ইডির ডাক পেয়েছে। সেদিক থেকে নজর ঘোরানোর জন্যই, দিল্লির পর এখানেও নাটক হচ্ছে।

CPIM-এর রাজ্য সম্পাদক মহঃ সেলিম তীব্র কটাক্ষ করে বলেন, ধর্মতলায় পুলিশকে জানিয়ে বামেরা সমাবেশ করলে, তাদের নামে মামলা করা হয়। রাজনৈতিক মিছিল করলে পুলিশ আটকায়, কিন্তু সার্কাস করলে, তা’ আটকানো হয়না।

********************

আকাশবানী কলকাতায় সাময়িক ও সম্পূর্ণ চুক্তির ভিত্তিতে ‘ব্রডকাস্ট অ্যাসিস্টেন্টে’র একটি প্যানেল তৈরির জন্য, উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। বৃহত্তর কলকাতার প্রার্থীদের যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের স্নাতক হতে হবে। জার্নালিজম ও মাস কমিউনিকেশনের ডিগ্রি বা ডিপ্লোমাধারীরা অগ্রাধিকার পাবেন। থাকতে হবে কম্পিউটারে কাজ করার দক্ষতা’ও। ২০২৩-এর ১০’ই নভেম্বরের মধ্যে প্রার্থীর বয়স অবশ্যই ৫০ বছরের মধ্যে হতে হবে।

আবেদন করতে হবেঃ BA.AIRKOLKATA@gmail.com–এ ।

আবেদন পত্র পৌছানোর <u>শেষ তারিখ ১০'ই নভেম্বর ২০২৩</u>।

********************

আবহাওয়ার পরিবর্তন হওয়ায় উত্তর ও দক্ষিণ বঙ্গের প্লাবন চিত্রে গতকাল কিছুটা উন্নতি হয়েছে। সিকিমে আটকে থাকা রাজ্যের পর্যটকরা ফিরতে শুরু করেছেন। নামচি, গ্যাঙটক মিলিয়ে প্রায় তিন হাজার পর্যটক সিকিমে আটকে আছেন। লাচুং, লাচেনে আটকে রয়েছে ১২ শ' পর্যটক। তাদের নিরাপদে সরিয়ে আনার জন্য শুরু করা হয়েছে এয়ারলিফ্ট। জানা গিয়েছে, বাগডোগরা থেকে লাচুং যাওয়ার জন্য হেলিকপ্টার ইতিমধ্যেই যাত্রা শুরু হয়েছে। পূর্ব ও পশ্চিম সিকিমে চারটে রাস্তা খুলেছে।

এদিকে, প্রাকৃতিক দুর্যোগের মধ্যে বীরভূমের বাসিন্দা সেনা বাহিনীর জওয়ান গোপাল মাড্ডি, বিন্নাগুড়ি সেনা ছাউনিতে ফেরার সময় জলের তোড়ে ভেসে যান। বৃহস্পতিবার সন্ধ্যায় ময়ূরেশ্বরের নান্দুলিয়ায় তাঁর গ্রামের বাড়িতে মৃত্যু সংবাদ এলে, গ্রামে শোকের ছায়া নেমে আসে।

অন্যদিকে, সিকিমের হড়পা বানে ভেসে যাওয়া দু'টি দেহ গতরাতে ভারতকে হস্তান্তর করেছে বাংলাদেশ। ভারত-বাংলাদেশ গীতালদহ সীমান্ত পেড়িয়ে বাংলাদেশের লালমনিরহাটের তিস্তানদীর তীরবর্তী এলাকায় দেহ দু'টি ভেসে উঠেছিল। এরপরই, BSF-কে খবর দেওয়া হয়। মৃতদের পরিচয় এখনো জানা যায়নি।

জলপাইগুড়ির জেলা শাসক সামা পারভিন গতকাল জানান, তিন দিনে ২৭ জনের দেহ উদ্ধার হয়েছে, যার মধ্যে ৫'জন সেনা জওয়ান।

প্রাকৃতিক দুর্যোগে বিধ্বস্ত পাহাড়ের পরিস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল জিটিএ প্রধান অনিত থাপার সঙ্গে কথা বলেন। পরিস্থিতি খতিয়ে দেখতে পাহাড়ে বিশেষ দল পাঠানোর কথা জনিয়েছেন তিনি।

অন্যদিকে, সিকিম পাহাড়ে <u>নতুন করে দুর্যোগের</u> কারণে তিস্তায় ফের বিপর্যয়ের আশঙ্কা দেখা দিয়েছে। সতর্কবার্তা পেয়ে জলপাইগুড়ির তিস্তা পাড়ে মাইকিং শুরু করা

হয়েছে। খুলে দেওয়া হয়েছে ফ্লাড শেল্টার। বাসিন্দাদের নিরাপদ জায়গায় সরে আসারও পরামর্শ দেওয়া হচ্ছে।

*******************

প্রবল বৃষ্টিতে রাজ্যের সাত জেলা বন্যা কবলিত বলে জানিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ অধীর রঞ্জন চৌধুরী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী ও ওষুধপত্র দুর্গতদের কাছে পাঠানোর আর্জি জানিয়ে চিঠি দিয়েছেন। সাম্প্রতিক বর্ষণে পূর্ব ও পশ্চিম বর্ধমান,পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া ও  হুগলী জেলায় বহু মানুষ বন্যা দুর্গত। এর ফলে চাষের ব্যাপক ক্ষতি হতে পারে বলে আশঙ্কা করা হয়েছে। এই বিষয়টিও অধীরবাবু প্রধানমন্ত্রীকে চিঠিতে জানিয়েছেন।

*******************

রাজ্যে, ডেঙ্গু আক্রান্ত হয়ে একদিনে গত দু'দিনে পাঁচজনের মৃত্যু হয়েছে। এর মধ্যে একজন উত্তর ২৪ পরগণার বাসিন্দা প্রশান্ত দাস। বাকি দুজন,  দক্ষিণ ২৪ পরগণার ভাঙরের বাসিন্দা ফতেমা বিবি ও সঞ্জয় রায়। এ'পর্যন্ত ডেঙ্গুতে মৃতের সংখ্যা ৫৫ ছাড়িয়ে গেছে। আক্রান্তের সংখ্যা'ও, ৫০ হাজারের কাছাকাছি। এ'বছর ডেঙ্গুর ভয়াবহতা গতবছরকে ছাপিয়ে যেতে পারে বলে, চিকিৎসকদের আশঙ্কা।

তবে, কলকাতায় ডেঙ্গু পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে আছে বলে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী, মেয়র ফিরহাদ হাকিমের দাবী।

এদিকে, গতকাল  শহর কলকাতায় ডেঙ্গু পরিস্থিতি খতিয়ে দেখতে এবং মানুষকে সচেতন করতে পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষ ফের পথে নামেন। ভেক্টর কন্ট্রোল বিভাগের প্রধান দেবাশিস বিশ্বাস এবং স্বাস্থ্য বিভাগের আধিউকারিকদের নিয়ে তিনি ৬৭নম্বর ওয়ার্ড এলাকার লুম্বিনী পার্ক মানসিক হাসপাতাল চত্বর ঘুরে দেখেন। পরিদর্শন শেষে হঠাৎ করে লিফট বিকল হয়ে যাওয়ায়, ১০ মিনিটের মতো তাঁরা আটকে পড়েন। এতে অতীন ঘোষ কিছুটা অসুস্থ হয়ে পড়েন।

*******************

কলকাতার উপকণ্ঠে নিউটাউনের তারুলিয়ায় বন্ধুর বাড়ি থেকে এক নীট পরীক্ষার্থীর সুটকেস বন্দি দেহ উদ্ধারের ঘটনায় গৌতম সিং নামে স্থানীয় এক রেস্তোঁরা মালিক এবং পাপ্পু ঘোষ নামে একজনকে, পুলিশ গতকালই গ্রেফতার করে। ধৃতদের বিধাননগর আদালতে তোলা হলে, তাদের ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

উল্লেখ্য, সাজিদ হোসেন নামে মালদার কালিয়াচকের অবস্থাপন্ন পরিবারের সন্তান ওই ছাত্র নিটের প্রস্তুতির জন্য নিউটাউনে ঘর ভাড়া করে থাকতো। বৃহস্পতিবার রাতে তার পরিবারের কাছে ৩০ লক্ষ টাকা মুক্তি পণ চাওয়া হয় বলে নিউটাউন থানায় অভিযোগ দায়ের করা হয়। গতকাল ভোরে সাজিদের এক বন্ধুর বাড়ি থেকে উদ্ধার হয় তার দেহ।

*******************

কলকাতা পুলিশ ও বিহার পুলিশের STF যৌথ অভিযান চালিয়ে, বৃহস্পতিবার সন্ধ্যেয় বিহারের বোধগয়ায় একটি অস্ত্র কারখানার হদিস পায়। সেখান থেকে কলকাতা ও বিভিন্ন জায়গায় অস্ত্র সরবরাহ করা হত বলে খবর। ঐ কারখানা থেকে দুজনকে গ্রেপ্তার করা হয়। ধৃতরা মুঙ্গেরবাসী।

তাদের গতকাল গয়া আদালতে তোলা হলে, আদালত ধৃতদের ১৪ দিনের জেল হেফাজত হয়। কারখানার মালিক মুকেশ কুমার পলাতক।

*******************

মেট্রো রেল অন্যান্য বছরের মতো এবছরও দুর্গাপুজোর দিনগুলিতে কলকাতা ও তার আশেপাশের পুজোগুলো দেখার জন্য, নর্থ–সাউথে সারারাত মেট্রো চালাবে।

মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানান, পঞ্চমী ও ষষ্ঠীর দিন কবি সুভাষ থেকে প্রথম ট্রেন ছাড়বে সকাল ৬’টা বেজে ৫০–এ। দক্ষিণেশ্বর থেকে ছাড়বে সকাল ৭’টায়। ওই দু’দিন শেষ পরিষেবা পাওয়া যাবে- দক্ষিণেশ্বর থেকে রাত

১০টা ৩৮-এ এবং কবি সুভাষ থেকে ১০’টা ৪০-এ। দমদম থেকে প্রথম পরিষেবা শুরু হবে, সকাল ৬’টা ৫০-এ। শেষ ট্রেন পাওয়া যাবে, রাত ১০’টা ৫০-এ।

সপ্তমী, অষ্টমী এবং নবমীতে, মেট্রো চলবে বেলা ১’টা থেকে। দক্ষিণেশ্বর এবং কবি সুভাষ থেকে শেষ ট্রেন ছাড়বে ৩’টে ৪৮-এ। দমদম ও কবি সুভাষ থেকে শেষ ট্রেন পাওয়া যাবে, ভোর ৪’টেয়।

********************

আইএসএল ফুটবলে, মোহনবাগান সুপারজায়ান্ট আজ তাদের তৃতীয় ম্যাচে চেন্নাইয়িন FC-র বিরুদ্ধে খেলবে। চেন্নাইয়ের জওহরলাল নেহেরু ইন্ডোর স্টেডিয়ামে খেলা শুরু হবে রাত আটটায়। মোহনবাগান প্রথম দুই ম্যাচে পাঞ্জাব FC ও বেঙ্গালুরু FC-কে হারিয়ে ৬ পয়েন্ট নিয়ে লিগ তালিকার শীর্ষস্থানে রয়েছে।

*****************************************************************